

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২২, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ নভেম্বর ২০১০/২৭ কার্তিক, ১৪১৭

নং ০৪.৬১১.০০৬.০০.০০.০৩.২০১০.১৯৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোর ভবন এলাকায় কোর ভবন বহির্ভূত অন্যান্য সরকারী দপ্তরের জন্য স্থাপনা নির্মাণের প্রস্তাবনার বিষয়ে দ্রুত সিদ্ধান্ত প্রদানের লক্ষ্যে “টাস্কফোর্স কমিটি” নিম্নরূপ পুনর্গঠন করেছে :—

ক। টাস্কফোর্সের গঠন :

- | | | |
|---|---|----------|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব
প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন
মন্ত্রিপরিষদ বিভাগ। | - | আহ্বায়ক |
| (২) উপ-সচিব (উন্নয়ন)
সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর। | - | সদস্য |
| (৪) উপ-প্রধান স্থপতি (সার্কেল-১)
স্থাপত্য অধিদপ্তর (পূর্বের PWD এর পরিবর্তে)। | - | সদস্য |
| (৫) উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়)
নগর উন্নয়ন অধিদপ্তর। | - | সদস্য |
| (৬) প্রস্তাবক মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি
(উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |

(৯৮৩৭)

মূল্য : টাকা ২.০০

খ। টাস্কফোর্সের কার্যপরিধি :

- (১) টাস্কফোর্স কমিটি জেলা সদরে নিম্নোক্ত স্থাপনাসমূহ নির্মাণ/সম্প্রসারণ কাজের স্থান নির্বাচন প্রস্তাব অনুমোদন করবেন :—
- (ক) জেলা প্রশাসকের কার্যালয় ও বাসভবন, ট্রেজারী ভবন, রেকর্ড রুম, সার্কিট হাউজ, সরকারি কর্মকর্তা কর্মচারীদের বাসভবন, ডরমিটরি ভবন;
- (খ) জেলা জজ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও মহানগর দায়রা জজ আদালত ভবন ও বাসভবন;
- (গ) পুলিশ সুপারের কার্যালয় ও বাসভবন;
- (ঘ) সিভিল সার্জনের কার্যালয় ও বাসভবন;
- (ঙ) গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর কার্যালয় ও বাসভবন;
- (চ) বিভাগীয় সদর দপ্তরে বিভাগীয় কমিশনারের কার্যালয় ও বাসভবন;
- (ছ) ডিআইজি এর কার্যালয় ও বাসভবন;
- (২) জেলা সদরে কোর ভবনের অবকাঠামোগত মূল নকশা ও ডিজাইন অনুমোদন এবং অবকাঠামোগত পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব অনুমোদন;
- (৩) জেলা সদরে অবস্থিত কোর ভবন এলাকায় কোর ভবন ব্যতীত অন্য কোন প্রকার স্থাপনা নির্মাণ সংক্রান্ত বিষয় পর্যালোচনা ও অনুমোদন;
- (৪) বিভাগ/জেলা পর্যায়ের সরকারি স্থাপনার প্রস্তাবিত মাস্টার প্লান বা স্থাপত্য নকশায় প্রয়োজনীয় সংশোধন/সংযোজন/পরিবর্তন ও অনুমোদন;
- (৫) জাতীয় পরিবীক্ষণ কমিটির (এনএমসি) সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
- (গ) প্রয়োজনবোধে এ কমিটি নতুন সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে।
- (ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম

যুগ্ম-সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd